



পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস হতে গ্রেডশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/সনদপত্র ইত্যাদি উত্তোলনের ক্ষেত্রে নিয়মানুযায়ী প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই সশরীরে উপস্থিত হয়ে বিশ্ববিদ্যালয় প্রদত্ত মূল পরিচিতিপত্র ও ব্যাংকে ফি জমা দেয়ার রশিদ প্রদর্শন সাপেক্ষে উক্ত ডকুমেন্টসমূহ পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের কাউন্টার হতে সংগ্রহ করতে হবে। এ ব্যাপারে কোন ধরনের 'ক্ষমতা অর্পণপত্র' বা কোন 'প্রতিনিধি' গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, যাঁর সনদপত্র তাঁকেই তা প্রদানের নিশ্চয়তার জন্য ছবির সাথে চেহারা মিলিয়ে সনদপত্র প্রদান করা হয়। এক্ষেত্রে আবেদনকারী নিকাব পড়া অবস্থায় ছবির সাথে তাঁর চেহারা মিলানো সম্ভব হয়না এবং প্রতারণার ঘটনা ঘটে বিধায় ফিঙ্গার প্রিন্টিং বা অন্য কোন প্রযুক্তির প্রচলনের পূর্ব পর্যন্ত নিকাবধারী আবেদনকারীগণকে অত্র অফিসের নারী কর্মকর্তার নিকট থেকে চেহারা প্রদর্শন সাপেক্ষে উক্ত ডকুমেন্টসমূহ সংগ্রহের জন্য অনুরোধ করা হলো।

০২৬/০৩/২০২৬

(প্রফেসর ড. ছালেহ আহাম্মদ খান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জাবি।